

দৈনিক ইত্তেফাক

তা: - ০২-০৮-১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

The Daily Star

Dt. - 03.08.17

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

Email: dgdncbd@gmail.com, Website: www.dnc.gov.bd

নথি নং-৪৪.০৪.০০০০.০০৬.১১.০৬১.১৬-৬৬৫৯

১০ শ্রাবণ, ১৪২৪

তারিখ: -----

২৫ জুলাই, ২০১৭

বেসরকারি আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি স্বার্থ রক্ষার্থে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষে উচ্চ আদালত (হাইকোর্ট ও আপীল বিভাগ) নিম্ন আদালত, প্রশাসনিক আদালত ও অন্যান্য আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও তদারকির জন্য ০৫ (পাঁচ) জনের একটি বেসরকারি আইনজীবী প্যানেল তৈরীর করার লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১. আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে;
০২. আবেদনকারীর নাম, পিতা/মাতা/ স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, বয়স ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে;
০৩. আবেদনের সাথে সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করে দিতে হবে;
০৪. আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা সনদসহ সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে;
০৫. প্রার্থীকে আইন পেশায় কমপক্ষে ১০ (দশ) বৎসর ও উচ্চতর আদালতে মামলা পরিচালনার ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চ আদালত, নিম্ন আদালত, প্রশাসনিক আদালত ও অন্যান্য আদালতে দেওয়ানী, ফৌজদারী, সীট, এটি, এএটিসহ বিভিন্ন প্রকার মামলা পরিচালনার পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন এবং উচ্চ আদালতে গুরুত্বপূর্ণ মামলা পরিচালনা করে মামলার স্বপক্ষে রায় পেয়েছেন এ ধরনের প্রমাণপত্র আবেদনের সাথে দাখিলকৃত আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৬. সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনজীবীগণকে ফি পরিশোধ করা হবে এবং এ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে;
০৭. আবেদনের সাথে মামলার ধরণ অনুযায়ী পরিচালনা ব্যয় বিস্তারিত হিসাব উল্লেখ করতে হবে;
০৮. অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
০৯. আবেদনকারীর বয়স ৬৫ বছরের অধিক হতে পারবে না। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ / বিচারকগণও আবেদন করতে পারবেন;
১০. আইনজীবী নিয়োগের মেয়াদ হবে ০৩ (তিন) বছর;
১১. উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ নবায়নযোগ্য;
১২. কোন আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে এ অধিদপ্তরকে নোটিশ প্রদান করতে হবে এবং এ অধিদপ্তর ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদানের মাধ্যমে প্যানেলভুক্ত কোন আইনজীবীকে অব্যাহতি প্রদান করতে পারবে;
১৩. বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ৪৪১, তেজগাঁও শিল্পএলাকা, ঢাকা বরাবর আবেদনপত্র পৌছাইতে হবে;
১৪. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেলভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

(মো: আতাহার আলী)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৮৮৭০০১৬

স-১৯৩০ (৮×৪)